মেহেরপুরে কালবেলার প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে মেহেরপুরে দৈনিক কালবেলার প্রথম বর্ষপূর্তি অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

আজ সোমবার (২৩ অক্টোবর) বেলা ১২ টার সময় মেহেরপুর জেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে আড়ম্বরপূর্ণভাবে দৈনিক কাল বেলার প্রতিষ্ঠা বার্ষিকী পালনের আয়োজন করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় অনুষ্ঠানের সভাপতি মেহেরপুর জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন বলেন, ‘কালবেলা এখন আমাদের দৈনন্দিন চিন্তাভাবনাকে নিয়ন্ত্রণ করে। এক বছরের মধ্যেই কালবেলা তার বস্তুনিষ্ঠ ও সাহসী সংবাদ পরিবেশনের মাধ্যমে দেশব্যাপী গ্রহণযোগ্যতা তৈরীর পাশাপাশি আমাদের মনোজগতেও প্রভাব ফেলেছে।’

অনুষ্ঠানে মেহেরপুরের জেলা প্রশাসক উপস্থিত থাকার কথা থাকলেও জরুরী মিটিং এর কারণে তিনি উপস্থিত হতে না পেরে কালবেলার মেহেরপুর প্রতিনিধিকে শুভেচ্ছা ও শুভকামনা জানিয়েছেন।

মেহেরপুর জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফির সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন,সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক ফজলে রাব্বি, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ-দৌলা রেজা ও দৈনিক মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু।

এছাড়াও আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিসংখ্যান অফিসের উপ-পরিচালক, জেলা কৃষি বিপণন কর্মকর্তা, উপ আনুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ।

আলোচনা সভায় মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক ফজলে

রাব্বি বলেন, ‘কালবেলা বস্তুনিষ্ঠ ও তথ্যসমৃদ্ধ খবর প্রকাশের নির্ভীক একটি মাধ্যম। আশা করছি দৈনিক কালবেলা ভবিষ্যতে সংবাদ প্রকাশের এই ধারাবাহিকতা বজায় রাখবে। ‘

বিশেষ অতিথি মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন,’সারাদেশ অনেক পুরাতন ও ভালো পত্রিকা থাকার পরও দৈনিক কালবেলা এক বছরেই যে সুনাম ও গ্রহণযোগ্যতা অর্জন করে শিষে উঠে এসেছে তার মূল কারণ কর্তৃপক্ষের বলিষ্ঠ ভূমিকা ও সারাদেশের সংবাদকর্মীদের বস্তুনিষ্ঠ সংবাদ প্রেরণ। পত্রিকাটি মুক্তিযুদ্ধের পক্ষে কথা বলে। আশা করছি ভবিষ্যতেও এই ধারাবাহিকতা বজায় রাখবে।’

প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম বলেন, ‘কালবেলা এক বছরের একটি নবজাতক শিশু কিন্তু এই এক বছরের প্রমাণ হয়েছে তার সূর্যসম প্রভাব। কালবেলা অনেক দূর যাবে এবং অনেক ভালো করবে। এ কারণেই কালবেলা কে আমার অনেক অভিনন্দন। কালবেলা আমাদের অনেক বড় প্রাপ্তি এবং জীবনের নতুন অধ্যায়ের সৃষ্টিকর্তা।’

আলোচনা সভার শেষে কেক কেটে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরের আমঝুপিতে আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস পালন

মেহেরপুরের আমঝুপিতে আন্তর্িজিাতক গ্রামীণ নারী দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে আজ সোমবার সকাল দশটার দিকে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এএলআরডি‘র সহযোগিতায়, মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

মউকের হলরুমে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

এসময় বক্তব্য রাখেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ

হোসেন, প্রোগ্রাম ম্যানেজার সানজিদা আক্তার কাজল, জনসমবায় দলের নারীনেত্রী নুরুন্নাহার, আলতাফন খাতুন ও শাহিদা খাতুন প্রমূখ।

সভায় গ্রামীণ পর্যায়ে প্রান্তিক নারীদের উৎপাদন মূখী উন্নয়ন বিষয়ে সকলের অভিজ্ঞতা তুলে ধরা হয়। এর আগে মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কে একটি মানববন্ধনের আয়োজন করে। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।

গাংনীতে পিএসকেএস উদ্যোগে উপকরণ বিতরণ

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর ‘প্রশিক্ষন কেন্দ্র ও খামার’- এ সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার সময় সংস্থার খামার বাড়িতে উচ্চমূল্যের ফল উৎপাদনে উদ্যোক্তা তৈরি, পরিবেশবান্ধব মালচিং পেপার ব্যবহার করে উচ্চমুল্যের ফসল চাষ,উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ, শস্য নিবিড়তা বৃদ্ধিতে উন্নত ফসলধারা (ক্রপিং প্যাটার্ণ), প্রদর্শনীর আওতায় ১৪ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয় ।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- ৪০ টি আমের চারা (বারি-১১), ৪০ টি আমের চারা (থাই কাটিমন) ও ৭০ টি ব্যানানা ম্যাংগো আমের চারা, এবং ৪ রোল মালচিং পেপার, ফেঁরোমন ফাঁদ, ট্রাইকো-কম্পোস্ট সার, রাসায়নিক সার, কিটনাশক, লাউয়ের বীজ, ব্রোকলির বীজ, টমেটোর বীজ, সরিষা বীজ সহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। পাশাপাশি

উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর গাংনী শাখার শাখা ব্যবস্থাপক ও সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন ।

গাংনীতে প্রাণিসম্পদ খামার দিবস অনুষ্ঠিত

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় প্রাণিসম্পদ খামার দিবস” অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে বামুন্দী শাখার ষোলটাকা গ্রামে ৮০ জন খামারি নিয়ে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর “প্রাণিসম্পদ খামার দিবস” অনুষ্ঠিত হয়।

উক্ত প্রাণীসম্পদ খামার দিবসে গরু মোটাতাজা করণের উপকারিতা, কিভাবে অল্প খরচে গরু মোটাতাজা করা যায়, গরু মোটাতাজা করণের জন্য গরু সুষম খাদ্য ব্যাবস্তাপনা কিভাবে করতে হয়, গরু মোটাতাজা করণের চ্যালেঞ্জ সমূহ সহ ইত্যাদি আনুষঙ্গিক বিষয়ে খামারিদের অবহিত করা হয়। এছাড়াও গবাদিপশু পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ (এফএমডি, তড়কা, এলএসডি) ও তার প্রতিকার, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যাবহার রোধ,এফএমডি, তড়কা রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়।
এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে অবহিত করা হয়।

এসময় উপস্থিত খামারিদের মধ্যে মোছাঃ শাহানাজ খাতুন নামে একজন খামারি জানান তিনি ২০২৩-২৪ অর্থ বছরে পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি থেকে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর একটি প্রদর্শনী পেয়েছেন। এর দ্বারা ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে গরু পালনের পাশাপাশি কেঁচো সার উৎপাদনের মাধ্যমে আগের থেকে অধিক লাভবান হবেন বলে তিনি আাশাবাদ ব্যাক্ত করেন। উক্ত খামার দিবসে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সমন্বিত কৃষি ইউনিটের কর্মকর্তা ও উপসহকারী কর্মকর্তা বৃন্দ।

গাংনীর ২২ টি পুজা মন্ডপ পরিদর্শনে শাহিদুজ্জামান শিপু

গাংনী উপজেলার বিভিন্ন ২২ টি পূজামন্ডব পরিদর্শন করেন ছাত্রনেতা জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহীদুজ্জামান শিপু।

গতকাল রবিবার বেলা ১১ টার দিকে চিৎলা নিত্যান্দপুর পূজা মন্দির থেকে পরিদর্শন শুরু করেন ছাত্রনেতা শিপু। এসময় প্রতিটি পুজা মন্ডপে আর্থিক সহায়তা করেন।

গাংনী উপজেলার পূজামন্ডব পরিদর্শন কালে উপস্থিত ছিলেন পৌর আওয়ামীলীগের যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক আলাল উদ্দিন রিন্টু, পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক, উপজেলা শ্রমিক লীগের সভাপতি মনিরুল ইসলাম মনি, গাংনী ডিগ্রী কলেজ ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি জুবায়ের হোসেন উজ্জ্বলসহ নেতা কর্মীরা।

এসময় শাহিদুজ্জামান শিপু বলেন,অসমপ্রদায়িক বাংলাদেশ সকল ধর্মের প্রতি শ্রদ্ধা থাকা দরকার। বিএনপি জামাত মানুষের মাঝে সাম্প্রদায়িক দ্বন্দ্ব বাদিয়ে মানুষের মাঝে দুরুক্ত সৃষ্টি করে। তারা ধর্মের দোহায় দিয়ে ফ্যাসাদ করে। তিনি বলেন, জননেত্রী শেখ হাসিনা ক্ষমতায় থাকলে সকল মানুষ তাদের স্নস্ব ধর্ম পালন করতে পারে। আবারও নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামীলীগ সরকার ক্ষমতায় আনতে নৌকা মার্কায় ভোট দেবেন।
২২ টি পুজা মন্ডপে ৫ হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদান করেন শাহিদুজ্জামান শিপু। এবং প্রত্যেক মন্ডপের ঢাকী বাদকদের ১ হাজার টাকা করে বকশিশ প্রদান করেন।

উপজেলার কুচুইখালী পূজামন্ডব, কসবা পূজামন্ডব, হাড়িয়াদহ পূজামন্ডব, চাঁনপুর পূজামন্ডব, রায়পুর পূজামন্ডব, আমতৈল পূজামন্ডব, ভোলাডাঙ্গা পূজামন্ডব, শিমুলতলা পূজামন্ডব, বাউট পূজামন্ডব, বামুন্দী পূজামন্ডব, ভোমরদাহ পূজামন্ডব পরিদর্শন পরিদর্শন করেন নেতা কর্মীদের নিয়ে।

গাংনীর ধলা মাঠে কৃষকের ফসল কেটে তসরুপ

গাংনীর গাড়াবাড়ীয়া ধলা মাঠে কৃষকের ১ বিঘা ১৫ কাঠা জমির ফসল কেটে তসরুপাত করেছে দুর্বৃত্তরা।

শনিবার দিবাগত ধলা গাড়াবাড়ীয়া মাঠে এ ঘটনা ঘটেছে। জানা গেছে গাড়াবাড়ীয়া গ্রামের বাসিন্দা সহিদুল ইসলামের ছেলে মফিজুল ইসলামের ১ বিঘা ১৫ কাঠা জমির বেগুন ও কপি কেটে তসরুপাত করেছে দুর্বৃত্তরা।

মফিজুল ইসলাম জানান, আমি বিভিন্ন যায়গা থেকে প্রশিক্ষন গ্রহন করে উদ্যোক্তা প্রথম কপি এবং বেগুন চাষ করি। এমন অবস্থায় আমার বিক্রয় উপযুক্ত ফসল কেটে তসরুপাত করেছে। আমি লোন নিয়ে আবাদ পরিচালনা করেছি দুইদিন আগে এই ফসলের দাম বলে গেছে ১ লক্ষ ৮০ হাজার টাকা আর আজ তা আর নাই।আমি একদমই শেষ হয়ে গেলাম।কিভাবে লোন পরিশোধ করবো আর কিভাবে সংসার পরিচালনা করবো ভেবে পাচ্ছি না।আমি আজগর,আজগরের ছেলে রাজীব গোভীপুর গ্রামের নজরুল ইসলাম, ধলা গ্রামের নাসিরের ছেলে হুদা মিয়া,গাড়াবাড়ীয়া গ্রামের আইলহকের ছেলে চঞ্চল ইসলামের কঠিন শাস্তির দাবি জানাচ্ছি। আমার পারিবারিক শত্রুতার জের ধরে আমার এত বড় ক্ষতি করেছে।

এ বিষয়ে স্থানীয় একই মাঠের কৃষক কুদ্দুস মিয়া জানান এই কপি এবং বেগুন কেনার জন্য দালালরা ১ লক্ষ ৮০ হাজার টাকা দাম দিয়ে গেছে আর সেই ফসল তারা কেটে নষ্ট করে দিয়েছে। এত বড় ক্ষতি কিভাবে সয্য করবে, আমি তাদের তীব্র নিন্দা জানাচ্ছি এবং আইনের আওতায় এনে কঠোর বিচার দাবি জানাচ্ছি।

এ বিষয়ে মফিজুলের জামাই শহিদুল জানান আমার ভাই আজগর জমির কাগজ জ্বাল করেছে এ নিয়ে কোর্টে দেওয়ানি এবং ফোজদারি মামলা চলমান আছে। সে বিদেশে থাকে কিন্তু তার ছেলে রাজীব, গোভীপুরের নজরুল ইসলাম, ধলার হুদা ও চঞ্চল সহ এরা কিছুদিন আগেও জসিতে যেয়ে হুমকি প্রদান করেন।এবং জমিতে চাষ করতে বাধা দেয়। কিন্তু আমরা মামলা করেছি কোর্ট থেকে রায় না হওয়া পর্যন্ত দখল ছাড়বো না। কিন্তু

তার বিনিময়ে তারা এভাবে জমির ফসল কেটে তসরুপাত করেছে। এর সঠিক শাস্তির দাবি জানাচ্ছি।

এঘটনা কে কেন্দ্র করে এলাকাবাসীর কৃষকের মুখে এখন হতাশার ছায়া। তারা শঙ্কায় আছে কখন না জানি তাদেরও ফসল কর্তন করে দেয়। তবে তারা জোর দাবি জানিয়েছে এ সমস্ত লোক কে আইনের আওতায় না আনলে আগামীতে এমন অনেক কৃষকের কপাল পুড়িয়ে দেবে।পথে বসিয়ে দিবে কৃষকদের।

স্থানীয় একই মাঠের কৃষক লাল্টু,মনিরুল,মিজারুল,সহিদুল, কুদ্দুস সহ অনেকেই এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে প্রত্যক্ষদর্শীদের শাস্তির দাবি জানিয়েছেন।

মেহেরপুরে শহীদ মিজানুর রহমান রিপন নাইট ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরের কালাচাঁদপুরে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনের আয়োজন করা হয়েছে।

গত শুক্রবার রাতে কালাচাঁদপুর ঈদগাহ মাঠে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

কালাচাঁদপুর ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত আলীর সভাপতিত্বে ফুটবল টুর্নামেন্টর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা সহ আওয়ামী লীগ, যুবলীগ এবং ছাত্রলীগের বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

পরে কালাচাঁদপুর ঈদগাহ মাঠে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি নাইট

ফুটবল টুর্নামেন্টে একদিকে অংশগ্রহণ করে ছোট ভাই একাদশ অপরদিকে ইলেভেন একাদশ।

মেহেরপুর জেলা যুবলীগের সৌজন্যে মুজিব চলচ্চিত্র প্রদর্শনী

মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের সৌজন্যে মেহেরপুর সিনেমা হলে মুজিব একটি জাতির রূপকার চলচ্চিত্রটি প্রদর্শনের আয়োজন করা হয়।

শনিবার ২১ অক্টোবর বিকালে মেহেরপুর সিনেমা হলে প্রদর্শিত সিনেমাটি মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের সকল নেতৃবৃন্দ এবং কর্মীদের নিয়ে একসঙ্গে উপভোগ করেন।

মুজিব একটি জাতির রূপকার চলচ্চিত্রটি দেখার পর মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন মেহেরপুর প্রতিদিনকে বলেন এই সিনেমাটার মাধ্যমে আমরা অনেক কিছুর শিক্ষা অর্জন করেছি। এই সিনেমার মাধ্যমে আমরা জানতে পারি একজন সঠিক নেতা হতে হলে কতটুকু পরিশ্রমী, ত্যাগী হওয়ার প্রয়োজন যা আমরা বঙ্গবন্ধুর মধ্যে খুঁজে পাই। আমি সকলকে আহ্বান করবো এই সিনেমাটা দেখার জন্য।

জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান বলেন প্রত্যেকটা মানুষকে আহ্বান করবো বঙ্গবন্ধুর সম্পর্কে জানতে হলে তার আদর্শকে জানতে হলে এই মুজিব একটি জাতির রুপকার সিনেমাটা দেখা খুবই জরুরি ও অত্যাবশ্যক।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি হাজী সাইফুল ইসলাম, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ সহ মেহেরপুর জেলা যুবলীগ এবং ছাত্রলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

মুজিবনগরে ইটভাটা মালিক সমিতির বার্ষিক সভা অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলা ইটভাটা মালিক সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান হয়েছে।
শনিবার ২১ অক্টোবর দুপুরে মুজিবনগর কমপ্লেক্স সূর্যদয় রেষ্ট হাউজ হলরুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা ইটভাটা মালিক সমিতির সভাপতি ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আলহাজ আমাম হোসেন মিলু এবং অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল।
অনুষ্ঠান উপজেলা ইটভাটা মালিক সমিতির সাধারন সম্পাদক তসলিমুল ইসলাম সজলের সঞ্চলনায় বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা ইটভাটা মালিক সমিতির সহসভাপতি ফজলুল হক, জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলা ইটভাটা মালিক সমিতির যুগ্নসম্পাদক আজিমুল বারী মুকুল, অর্থসম্পাদক মিজানুর রহমান চঞ্চল, হীরা ব্রিক্স্র এর মালিক অ্যাডভকেট রুমুনুজ্জামান রুমুন, ও ভাটা মালিক মশিউর রহমান প্রমুখ।
সভা শেষে প্রীতি মধ্যাহ্ন ভোজ ভোজ অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে ভারতীয় পেঁয়াজবীজ সহ আটক-১

মুজিবনগর থানায় আটক সেলিম
জাহাঙ্গীর

মেহেরপুরের মুজিবনগরে ভারতীয় পেঁয়াজের বীজ সহ সেলিম জাহাঙ্গীর নামের এক চোরাকারবারিকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। শনিবার (২১ অক্টোবর) ভোর সাড়ে চারটার সময় মুজিবনগর উপজেলার মাঝপাড়া গ্রাম থেকে সেলিম জাহাঙ্গীরকে সাত বস্তা ভারতীয় পেঁয়াজের বীজসহ আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। উদ্ধারকৃত পিঁয়াজ বীজের আনুমানিক বাজার মূল্য ২ লক্ষ ২৪ হাজার টাকা।
মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, গোপন খবরের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই ইসরাফিলের নেতৃত্বে পুলিশের একটি দল বিশেষ অভিযানে মুজিবনগরের মাঝপাড়া গ্রামের মৃত ছমীর উদ্দিনের ছেলে বাবর আলীর বাড়ির সামনে থেকে সাত বস্তা ভারতীয় পেঁয়াজবীজ সহ সেলিম জাহাঙ্গীর নামের এক চোরাকারবারীকে আটক করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে সেলিম জাহাঙ্গীরের ৩-৪ জন সহযোগী পালিয়ে যায়।
এ সময় তাদের মাধ্যমে চোরাচালান হয়ে আসা ৫৬ কেজি পেঁয়াজ বীজ জব্দ করে মুজিবনগর থানা পুলিশ।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান, ‘সীমান্ত

দিয়ে ভারতীয় পেঁয়াজ বীজের একটি চালান অবৈধভাবে আসছে এমন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালিয়ে একজন চোরা কারবারিকে আটক করা হয়েছে। তার সহযোগীদের আটকের চেষ্টা চলছে। এ বিষয়ে একটি মামলা দায়ের পূর্বক সেলিম জাহাঙ্গীরকে আদালতে সোপর্দ করা হয়েছে।’